এই সময়
সংবাদপত্র

ইডেন রিয়েলটির লগ্নি

এই সময়: আগামী চার বছরে রাজ্যের আবাসন ক্ষেত্রে ২,৫০০ কোটি টাকা বিনিয়োগ করার ঘোষণা করেছে ইডেন রিয়েলটি। প্রায় ৭৫ লক্ষ বর্গফুট আবাসন নির্মাণ করতে এই লগ্নি করা হবে বলে সংস্থার তরফে বুধবার জানানো হয়েছে। তারই প্রথম ধাপ হিসাবে ইডেন রিয়েলটি হাওড়ায় সোলারিস শালিমার প্রকল্পে ৪০০ কোটি টাকা বিনিয়োগ করে ৪,০০০-৫,০০০ ফ্ল্যাট নির্মাণ করতে চলেছে বলে জানিয়েছেন সংস্থার ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত। পাশাপাশি, আগামী এক বছরে কলকাতায় আবাসনের দাম ১০% বেশি বাড়তে পারে বলেও ইডেন রিয়েলটির আশা।

যেখানে সাধারণ মানুষের রোজগার কমেছে, সেখানে আবাসন বিক্রি কী ভাবে বেড়েছে? আর্যর জবাব, 'রোটি-কাপড়া-মকান সাধারণ মানুষের সবথেকে বড় চাহিদা। মানুষের আয় কমলেও গৃহঋণে সবথেকে কম সুদ ও কেন্দ্রের সিএলএসএস প্রকল্প এখনও থাকায় কলকাতায় আবাসনের চাহিদা অন্য মেট্রো শহরের তুলনায় কিছুটা হলেও বেড়েছে। ক্রেতারা এখন বাড়তি ঘরের উন্নত আবাসন চাইছেন। তাই কলকাতার রিয়েল এস্টেট নিয়ে আমরা অত্যন্ত আশাবাদী।' ইডেন রিয়েলটির জয়েন্ট ম্যানেজিং ডিরেক্টর কুমার সাত্যকির দাবি, 'কাঁচা মালের দামও অনেকটাই বেড়েছে। ফলে, আগামী এক বছরে শহরে আবাসনের দাম ১০ শতাংশের বেশি বাড়বে বলে আমাদের আশা। তবে ডেভেলপাররা দাম বাড়ানোর আগে অপেক্ষা করবেন।'